গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২- ৫০ | তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯ / ১৩ মার্চ ২০২৩

বিষয়: **মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য গঠিত কমিটির ফেব্রুয়ারি, ২০২২ মাসের প্রতিবেদন।**

সূত্র: প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬, তারিখ: ২৫-০৭-২০২২।

উপর্যুক্ত বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং' কমিটির ফেব্রুয়ারি, ২০২২ মাসের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

8001
01715001627

১৩/০৩/২০২৩

(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫০৮৯৮
ইমেইল: emrd.dev1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কারওয়ান বাজার, ঢাকা
২। যুগ্মসচিব, প্রশাসন-২, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল
৫। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল
৬। প্রোগ্রামার,আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২- ৫০ | তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৯ / ১৩ মার্চ ২০২৩

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। যুগ্মসচিব (অপারেশন-২ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

১৩/০৩/২০২৩

(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব

## মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য গঠিত কমিটির
## ফেব্রুয়ারি, ২০২৩ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৫ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে **(সংযুক্তি-০১)** মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি পুনর্গঠন করা হয়ঃ

১) জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), জ্বাখসবি - আহ্বায়ক।
২) জনাব মোঃ জাকির হোসেন, যুগ্মসচিব (উন্নয়ন-২), জ্বাখসবি - সদস্য।
৩) মোছাঃ লায়লাতুন ফেরদৌস, উপসচিব (উন্নয়ন-১), জ্বাখসবি - সদস্য।
৪) জনাব ইকবাল হোসেন রবিন, ব্যবস্থাপক (ডিপিডি), পেট্রোবাংলা - সদস্য-সচিব।

কার্যপরিধি অনুযায়ী কমিটি মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন কার্যক্রমের ওপর প্রতিমাসে অন্তত একটি মনিটরিং প্রতিবেদন দাখিলসহ ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

### ২.০। উৎপাদন লক্ষ্যমাত্রাঃ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ' এবং এর পরিপ্রেক্ষিতে গ্যাস উৎপাদন কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যাহা নিম্নরূপঃ

(ক) বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন তিনটি জাতীয় গ্যাস উৎপাদন কোম্পানির মাধ্যমে সমন্বিত গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **২২০.০০ বিলিয়ন ঘনফুট** (বিসিএফ) এবং

(খ) পেট্রোবাংলা'র সাথে আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)-সমূহের স্বাক্ষরিত উৎপাদন বন্টন চুক্তি, তথা Production Sharing Contract (PSC)-এর আওতায় বাংলাদেশে কর্মরত কোম্পানিসমূহের পরিচালিত গ্যাসক্ষেত্রসমূহ হতে উৎপাদিত গ্যাসের উৎপাদন লক্ষ্যমাত্রা **৫০০.০০ বিলিয়ন ঘনফুট** (বিসিএফ)।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে গ্যাস উৎপাদনের উক্ত দু'টি **লক্ষ্যমাত্রা** স্বতন্ত্রভাবে নির্ধারণ করে আলাদা আলাদা মান নির্ধারণ করা হয়েছে।

### ৩.০। গ্যাস উৎপাদন কার্যক্রমের অগ্রগতিঃ

**৩.১।** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় জাতীয় তিনটি গ্যাস কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **২২০.০০** বিসিএফ নির্ধারণ করা হয়েছে, যার দৈনিক গড় **০.৬০৩** বিসিএফ। এ প্রেক্ষিতে ফেব্রুয়ারি, ২০২৩ মাসে গ্যাস উৎপাদন হয়েছে **২৩.৫১৯৭ বিসিএফ,** যার দৈনিক গড় **০.৮৩৯** বিসিএফ। অর্থাৎ ফেব্রুয়ারি, ২০২৩ মাসে দৈনিক গড়ের লক্ষ্যমাত্রার তুলনায় অধিক হারে গ্যাস উৎপাদিত হয়েছে। জাতীয় কোম্পানিসমূহের গ্যাসক্ষেত্র ভিত্তিক ফেব্রুয়ারি, ২০২৩ মাসের গ্যাস উৎপাদনের চিত্র নিম্নরূপঃ

এককঃ বিসিএফ

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপসংখ্যা | গ্যাস উৎপাদন (ফেব্রুয়ারি, ২০২৩) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)* | | | | |
| ১। | সালদানদী | ৩ | ০.১২৬ | ফেব্রুয়ারি মাসে দিনের সংখ্যা কম হওয়ায় পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.৭৬ বিসিএফ হ্রাস পেয়েছে। |
| ২। | ফেঞ্চুগঞ্জ | ২ | ০.৩৩৫ | |
| ৩। | শাহবাজপুর | ৫ | ১.৮৯১ | |
| ৪। | সেমুতাং | ১ | ০.০১৯ | |
| ৫। | শাহজাদপুর-সুন্দলপুর | ১ | ০.২২৩ | |
| ৬। | শ্রীকাইল | ৪ | ১.১৩১ | |
| ৭। | বেগমগঞ্জ | ১ | ০.২২৭ | |
| **উপ-মোট গ্যাস উৎপাদন** | | **১৭** | **৩.৯৫** | |

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপ সংখ্যা | গ্যাস উৎপাদন (ফেব্রুয়ারি, ২০২৩) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *বাংলাদেশ গ্যাস ফিল্ডস লিঃ (বিজিএফসিএল)* | | | | |
| ৮। | তিতাস | ২২ | ১১.১৭ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ১.৮১ বিসিএফ হ্রাস পেয়েছে এবং ওয়েলহেড কম্প্রেসরের মাধ্যমে উৎপাদনের হার বজায় রাখা হচ্ছে। |
| ৯। | বাখরাবাদ | ৬ | ০.৯৫ | |
| ১০। | হবিগঞ্জ | ৭ | ৩.৯৮ | |
| ১১। | নরসিংদী | ২ | ০.৭৩ | |
| ১২। | মেঘনা | ১ | ০.০৯ | |
| **উপ-মোট গ্যাস উৎপাদন** | | **৩৮** | **১৬.৯২** | |
| *সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল)* | | | | |
| ১৩। | হরিপুর | ৩ | ০.১৫০৫ | চলতি মাস ২৮ দিন থাকায় পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.৩০৯৯ বিসিএফ হ্রাস পেয়েছে। |
| ১৪। | কৈলাশটিলা | ৩ | ০.৮৬১৫ | |
| ১৫। | রশিদপুর | ৫ | ১.২৩৫১ | |
| ১৬। | বিয়ানীবাজার | ২ | ০.৪০২৬ | |
| **উপ-মোট গ্যাস উৎপাদন** | | **১৩** | **২.৬৪৯৭** | |
| **সর্বমোট গ্যাস উৎপাদন (দেশীয়)** | | **৬৮** | **২৩.৫১৯৭** | |

**৩.২।** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় বাংলাদেশে কর্মরত দুইটি আন্তর্জাতিক তেল কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **৫০০ বিসিএফ** নির্ধারণ করা হয়েছে, যার দৈনিক গড় **১.৩৭০ বিসিএফ**। এ প্রেক্ষিতে ফেব্রুয়ারি, ২০২৩ মাসে গ্যাস উৎপাদন হয়েছে **৩৮.৬০৪** বিসিএফ, যার দৈনিক গড় **১.৩৭৮** বিসিএফ। অর্থাৎ ফেব্রুয়ারি, ২০২৩ মাসে দৈনিক গড়ের লক্ষ্যমাত্রার তুলনায় অধিকহারে গ্যাস উৎপাদিত হয়েছে।

উৎপাদন বন্টন চুক্তি (পিএসসি)'র আওতায় বর্তমানে ২টি আইওসি'র মাধ্যমে পরিচালিত ৪টি গ্যাসক্ষেত্র হতে ফেব্রুয়ারি, ২০২৩ মাসের গ্যাস উৎপাদনের চিত্র নিম্নরূপ:

এককঃবিসিএফ

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপ সংখ্যা | গ্যাস উৎপাদন (ফেব্রুয়ারি, ২০২৩) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *শেভরণ বাংলাদেশ লিঃ* | | | | |
| ১। | বিবিয়ানা | ২৬ | ৩১.৯০৪ | রিজার্ভ Declining Stage -এ থাকায় এবং দিনের সংখ্যা কম হওয়ায় পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ৪.১৪২বিসিএফ হ্রাস পেয়েছে। |
| ২। | জালালাবাদ | ৫ | ৪.৯৪৭ | |
| ৩। | মৌলভীবাজার | ৪ | ০.৪৩৩ | |
| উপ-মোট গ্যাস উৎপাদন | | ৩৫ | **৩৭.২৮৪** | |
| *তাল্লো বাংলাদেশ লিঃ* | | | | |
| ৪। | বাঙ্গুরা | ৫ | ১.৩২০ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.১৯১ বিসিএফ বৃদ্ধি পেয়েছে। |
| **সর্বমোট গ্যাস উৎপাদন (আইওসি)** | | **৪০** | **৩৮.৬০৪** | |

**৩.৩।** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত মনিটরিং কমিটির সদস্য ও জ্বাখসবি'র উপসচিব (উন্নয়ন-১) মোছাঃ লায়লাতুন ফেরদৌস এবং সদস্য সচিব প্রকৌ. ইকবাল হোসেন রবিন, ব্যবস্থাপক (ডিপিডি), পেট্রোবাংলা-এর কুমিল্লার মুরাদ নগরে অবস্থিত বাংলাদেশ গ্যাস ফিল্ডস লিঃ অধিভুক্ত বাখরাবাদ গ্যাস ক্ষেত্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা (গ্যাস উৎপাদন ব্যবস্থা, কন্ট্রোল রুম ও গ্যাস উৎপাদন সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি) পরিদর্শনের স্থির চিত্র নিম্নে প্রদান করা হলঃ


বাখরাবাদ গ্যাস ক্ষেত্রের মিটারিং সিস্টেম পরিদর্শন


বাখরাবাদ গ্যাস ক্ষেত্রের ওয়েল হেড পরিদর্শন

**৩.৪।** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং' কমিটির একটি সভা ১৩-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) দেশীয় ও আন্তর্জাতিক তৈল কোম্পানির ফেব্রুয়ারি, ২৩ মাসের গ্যাস উৎপাদনের দৈনিক গড় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ২০২২-২৩ অর্থবছরের গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রার দৈনিক গড়ের চেয়ে বেশি এবং সচল উৎপাদন ব্যবস্থা বজায় রয়েছে। এ উৎপাদন ধারা বজায় রাখতে সকল গ্যাস উৎপাদন কোম্পানিকে যথাযথ ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণের জন্য পেট্রোবাংলা-কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ২০২২-২৩ অর্থবছরের গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বাংলাদেশে কর্মরত আন্তর্জাতিক তৈল কোম্পানির ক্রমাগত গ্যাস উৎপাদন হ্রাসের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহনের নিমিত্ত পেট্রোবাংলা-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(গ) ক্রমবর্ধমান গ্যাস চাহিদার নিরসনকল্পে এবং নিরবচ্ছিন্ন গ্যাস উৎপাদন ব্যবস্থা বজায় রাখার জন্য সকল গ্যাস উৎপাদন কোম্পানি-কে ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহনপূর্বক প্রতিপালনে সচেষ্ট থাকতে হবে। এ বিষয়ে পেট্রোবাংলা-কে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে।

13.03.23
প্রকৌ. ইকবাল হোসেন রবিন
ব্যবস্থাপক (ডিপিডি)
পেট্রোবাংলা

১৩/৩/২০২৩
মোছাঃ লায়লাতুন ফেরদৌস
উপসচিব (উন্নয়ন-১)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১৬/৩/২০২৩
মোঃ জাকির হোসেন
যুগ্মসচিব (উন্নয়ন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১৬/৩/২৩
মোঃ হুমায়ুন কবীর
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

**বিষয়:** বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিঃ কর্তৃক পরিচালিত বাখরাবাদ গ্যাস ক্ষেত্রের গ্যাস উৎপাদন ব্যবস্থা পরিদর্শন বিষয়ক গত ১৫-০২-২৩ তারিখের ভ্রমন প্রতিবেদন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র স্মারক নম্বরঃ ২৮.০০.০০০০.০৩০.৯৯.০০১..২২.৬৩; তারিখ: ০৬/০২/২০২৩।

পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিঃ-এর পরিচালনাধীন বাখরাবাদ গ্যাস ক্ষেত্রটি কুমিল্লা জেলার মুরাদ নগরে অবস্থিত। প্রাচীন এই গ্যাস ক্ষেত্রটির প্রথম কূপ খনন শুরু হয় ১৯৬৯ সালে এবং ১৯৮৫ সালে বাণিজ্যিকভাবে গ্যাস উৎপাদন শুরু হয়। এই গ্যাস ক্ষেত্রে মোট ১০ টি কূপ খনন করা হলেও বর্তমানে ০৬ টি কূপ হতে গ্যাস উৎপাদন করা সম্ভব হচ্ছে এবং দৈনিক ৩৪.৫০ মিলিয়ন গ্যাস জাতীয় গ্যাস গ্রিডে সরবরাহ করা সম্ভব হচ্ছে। কূপ-১ ও ৫ হতে প্রাপ্ত গ্যাস সরাসরি জাতীয় গ্যাস গ্রিডে সরবরাহ করা সম্ভব হলেও কূপ-৩, ৮, ৯, ১০ এর প্রেসার কম থাকায় বুস্টার কম্প্রেসর ব্যবহার করে সরবরাহ করা হচ্ছে।

০২। বাখরাবাদ গ্যাস ক্ষেত্রের গ্যাস উৎপাদন ব্যবস্থার বর্তমান পরিস্থিতির অংশ হিসাবে সকল গ্যাস কূপের নিম্নোক্ত তথ্যাদি প্রদান করা হলঃ

| কূপের নাম/ধরন | খনন কাল | বাণিজ্যিক উৎপাদন শুরু | কূপের বর্তমান অবস্থা |
|---|---|---|---|
| BK-1 (Vertical) | জুন, ১৯৬৯ | আগস্ট, ১৯৮৫ এবং দুইবার ওয়ার্ক ওভার করা হয়েছে। | বর্তমান দৈনিক উৎপাদন ১৩.৮৫ মিলিয়ন ঘনফুট ও ওয়েল হেড প্রেসার ১২৮৮ পিএসআই। |
| BK-2 (Deviated) | অক্টোবর, ১৯৮১ | ডিসেম্বর, ১৯৮৩ এবং একবার ওয়ার্ক ওভার করা হয়েছে। | ওয়েল হেড প্রেসার কমে যাওয়ায় ২৭ মার্চ, ২০২০ হতে উৎপাদন বন্ধ রয়েছে। |
| BK-3 (Deviated) | এপ্রিল, ১৯৮২ | অক্টোবর, ১৯৮৬ এবং অদ্যাবধি ওয়ার্ক ওভার করা হয়নি। | বর্তমান দৈনিক উৎপাদন ৪.৩০ মিলিয়ন ঘনফুট ও ওয়েল হেড প্রেসার ২৭৭ পিএসআই। |
| BK-4 (Deviated) | জুন, ১৯৮২ | অক্টোবর, ১৯৮৬ এবং অদ্যাবধি ওয়ার্ক ওভার করা হয়নি। | অধিক মাত্রায় পানি আসার কারণে জুন, ১৯৯৮ তারিখ হতে বন্ধ রয়েছে। |
| BK-5 (Deviated) | সেপ্টেম্বর, ১৯৮২ | ডিসেম্বর, ১৯৮৩ এবং একবার ওয়ার্ক ওভার করা হয়েছে। | বর্তমান দৈনিক উৎপাদন ৫.৩২ মিলিয়ন ঘনফুট ও ওয়েল হেড প্রেসার ১২৯২ পিএসআই। |
| BK-6 (Deviated) | মার্চ, ১৯৮৯ | ডিসেম্বর, ১৯৮৯ এবং অদ্যাবধি ওয়ার্ক ওভার করা হয়নি। | অধিক মাত্রায় পানি আসার কারণে আগস্ট, ১৯৯৮ তারিখ হতে বন্ধ রয়েছে। |
| BK-7 (Deviated) | জুলাই, ১৯৮৯ | জুলাই, ১৯৮৯ এবং অদ্যাবধি ওয়ার্ক ওভার করা হয়নি। | অধিক মাত্রায় পানি আসার কারণে ডিসেম্বর, ২০১৫ তারিখ হতে বন্ধ রয়েছে। |
| BK-8 (Deviated) | সেপ্টেম্বর, ১৯৮৯ | ডিসেম্বর, ১৯৮৯ এবং অদ্যাবধি ওয়ার্ক ওভার করা হয়নি। | বর্তমান দৈনিক উৎপাদন ৫.২৭ মিলিয়ন ঘনফুট ও ওয়েল হেড প্রেসার ২৭৬ পিএসআই। |
| BK-9 (Vertical) | আগস্ট, ২০১৩ | আগস্ট, ২০১৩ এবং অদ্যাবধি ওয়ার্ক ওভার করা হয়নি। | বর্তমান দৈনিক উৎপাদন ৪.১৩ মিলিয়ন ঘনফুট ও ওয়েল হেড প্রেসার ৮০০ পিএসআই। |
| BK-10 (Deviated) | জুন, ২০১৬ | জুন, ২০১৬ এবং অদ্যাবধি ওয়ার্ক ওভার করা হয়নি। | বর্তমান দৈনিক উৎপাদন ১.৬৭ মিলিয়ন ঘনফুট ও ওয়েল হেড প্রেসার ৩৫৭ পিএসআই। |

বর্তমানে বাখরাবাদ গ্যাস ক্ষেত্রে স্বাভাবিক কার্যক্রম বজায় রয়েছে এবং বন্ধ হয়ে যাওয়া কূপের সংস্কার কার্যক্রম পরিচালনার জন্য কাজ করে যাচ্ছে। কূপের সংস্কার কার্যক্রম সম্পন্ন করা হলে গ্যাস উৎপাদন বৃদ্ধি পাবে এবং উৎপাদন ধারা বজায় থাকবে। বাখরাবাদ গ্যাস ক্ষেত্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের গ্যাস ক্ষেত্রের কন্ট্রোল রুম, প্রসেস প্লান্ট অপারেশন কার্যক্রমের বিষয়গুলো সম্পর্কে ধারনা ও বিষদ বর্ণনা করেন। ফ্রাক্সনেশন কলামটি অব্যবহৃত অবস্থায় রয়েছে। গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা ব্যবস্থা পর্যাপ্ত। নির্দিষ্ট সময় পর পর গ্যাস ক্ষেত্রের প্রয়োজনীয় রক্ষনাবেক্ষণ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। বাখরাবাদ গ্যাস ক্ষেত্রের গ্যাস রিজার্ভ সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, রিজার্ভ-এ যে পরিমাণ গ্যাস রয়েছে তা অল্প চাপে উৎপাদন করা সম্ভব হলে দীর্ঘমেয়াদী বেশি পরিমানে গ্যাস আহরন করা সম্ভব হবে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। বিদ্যমান জ্বালানি সংকট নিরসনে নিরবচ্ছিন্ন গ্যাস উৎপাদন ব্যবস্থা বজায় রাখতে এবং সরকারের নির্দেশনাকে যথাযথ প্রতিপালনে সচেষ্ট থাকতে অনুরোধ করা হয়েছে।

০৫। সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে প্রতিনিধিদল সন্তুষ্টি প্রকাশ করে।

১৩/০২/২০২৬